# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র** বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ★ নীলাচল ইউনিয়নটি আয়তনে যেমন বড়, জনগসংখ্যাও তেমনি অনেক বেশি। একজন চেয়ারম্যানের পক্ষে এত বড় ইউনিয়ন সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনা করা কষ্ট ও কঠিন হয়ে পড়ে। এছাড়া ইউনিয়নের অধিবাসীদের একটি অংশ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এ ব্যাপারে তাদের মতামত দেয়। কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে প্রশাসনিক, রাজনৈতিক ও অন্যান্য কাজের তীব্র বিরোধিতা করে। এমনকি সন্ত্রাসীমূলক কর্মকাণ্ড চালায়। ফলে এই বিভক্তিকরণ বেশিদিন টিকে থাকেনি।

ক. সর্বভারতীয় কংগ্রেসের জন্ম কত সালে? ১

খ. জিন্নাহর দ্বি-জাতিতত্ত্ব বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে বাংলার ঐতিহাসিক যে ঘটনার মিল রয়েছে তার তিনটি কারণ সংক্ষেপে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলার ঐতিহাসিক ঘটনাটির ফলাফল মূল্যায়ন করো। ৪

**২.** ▶ মেঘলা জাতীয় সংসদের নির্বাচনে ভোট দিতে গিয়ে তার দাদুর কথা মনে পড়ল। দাদু বলেছিলেন ১৯৭০ সালের নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগের নেতৃত্ব প্রতিষ্ঠা ও বাঙালি জাতীয়তাবাদের বিজয় হয়।

ক. মুজিবনগর সরকার গঠিত হয় কখন? ১

খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নির্বাচনের ফলাফল ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল পাকিস্তান ভাঙনের সংকেত বহন করে— এর সপক্ষে তোমার মতামত দাও। ৪

**৩.** ★ আফ্রিকার একটি দেশের জনগণ দীর্ঘদিন ধরে শোষিত ও নির্যাতিত। এই শোষিত ও নির্যাতিত জনগণের পাশে দাঁড়ান ম্যান্ডেলা নামে এক আফ্রিকান নেতা। তিনি জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য কতগুলো দাবি উত্থাপন করেন। সেই দাবিগুলো আদায়ের জন্য তার নেতৃত্বে জনগণ দুর্বার আন্দোলন গড়ে তোলেন।

https://teachingbd24.com

ক. তিতুমীরের পূর্ণ নাম কী? ১
খ. সিপাহি বিদ্রোহ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দাবিগুলো কোন বাঙালি নেতার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঐ দাবিগুলো ছিল বাঙালি জাতির মুক্তির সনদ— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪. ▶ 'ক' দেশের নাগরিকগণ তাদের ইচ্ছামতো ধর্মচর্চা করতে পারে। এছাড়াও সে দেশের সংবিধান জনগণের চলাফেরার, বাক স্বাধীনতার অধিকার সন্নিবেশিত হয়েছে। তবে সে দেশের নাগরিকগণ সরকারের বিরুদ্ধে কিছু লিখতে পারে না।

ক. বাংলাদেশ বিভাগ কয়টি ও কী কী? ১
খ. বাংলাদেশ নির্বাচন কমিশনের ২টি কাজ লেখো। ২
গ. 'ক' দেশের সংবিধানের সাথে বাংলাদেশের সংবিধানের কতটুকু মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের সংবিধান কোন অর্থে 'ক' দেশের সংবিধান থেকে অধিক গণতান্ত্রিক? বিশ্লেষণ করো। ৪

৫. ▶ সংবিধান রাষ্ট্রের দর্পণ। সমাজ ও রাষ্ট্র ব্যবস্থার সাথে সঙ্গতি রেখে এতে সংশোধনী আনয়ন করা হয় এবং উপরাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়। এই সংশোধনী অনুযায়ী প্রধানমন্ত্রী প্রকৃত নির্বাহী হয়ে উঠেন। আইন বিভাগের নিকট শাসন বিভাগের জবাবদিহিতা প্রতিষ্ঠিত হয়।

ক. মৌলিক অধিকার কী? ১
খ. ধর্মনিরপেক্ষতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সংশোধনী সংবিধানের কততম সংশোধনী এবং তা কোন ধরনের শাসন ব্যবস্থা চালু করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংশোধনীটি সংবিধানের কততম সংশোধনী এবং তা কোন ধরনের শাসনব্যবস্থাকে আমূল পরিবর্তন সাধন করে? বিষয়টি বিশ্লেষণ করো। ৪

৬. ★ মি. গোর 'ঘ' রাষ্ট্রের একজন আইনসভার সদস্য। তিনি সরকারের মন্ত্রিপরিষদেরও সদস্য। তাকে কেন্দ্র করেই মন্ত্রিসভা পরিচালিত হচ্ছে। তিনি আইন সভার অবস্থা হারালে তিনিসহ পুরো মন্ত্রিসভা পদত্যাগ করতে বাধ্য। মি. গোরই তার রাষ্ট্রের শাসন ব্যবস্থার মধ্যমণি।

ক. বাংলাদেশের মন্ত্রিপরিষদ কীভাবে গঠন করা হয়? ১
খ. বাংলাদেশের রাষ্ট্রপতিকে কীভাবে অপসারণ করা হয়? বুঝিয়ে লেখো। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকে কোন সরকারব্যবস্থা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. গোরই হলেন তার রাষ্ট্রের শাসনব্যবস্থার মধ্যমণি।— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৭. ▶ ঝিলমিল টেলিভিশনে দেখলো একজন সংসদ সদস্য স্বরাষ্ট্রমন্ত্রীকে দেশের আইনশৃঙ্খলা সম্পর্কে একটি প্রশ্ন করল। উত্তরে স্বরাষ্ট্রমন্ত্রী দেশের আইনশৃঙ্খলা সম্পর্কে আলোকপাত করেন। তিনি আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।

ক. বাংলাদেশের আইনসভা (জাতীয় সংসদ) কতজন সদস্য নিয়ে গঠিত? ১
খ. সচিবালয় বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত কাজ জাতীয় সংসদের অনেক গুরুত্বপূর্ণ কাজ করে থাকে— উক্তিটি বিশ্লেষণ করো। ৩
ঘ. আইনশৃঙ্খলা সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রির মন্তব্য বিশ্লেষণ করো। ৪

৮. ★

বাংলাদেশের স্থানীয় শাসন
↓
বিভাগীয় প্রশাসন
↓
?
↓
উপজেলা প্রশাসন

ক. বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম কী? ১
খ. সুপ্রিম কোর্টের গঠন ব্যাখ্যা করো। ২
গ. '?' চিহ্নিত স্থানে কোন ধরনের প্রশাসন ব্যবস্থা নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. '?' চিহ্নিত প্রশাসনকে বাংলাদেশের প্রশাসন ব্যবস্থার প্রাণকেন্দ্র বলা হয়— বিশ্লেষণ করো। ৪

৯. ▶ রুমি গ্রামে বাস করে। সে কয়েক বছর আগে একটি স্থানীয় প্রতিষ্ঠানের নির্বাচনে ভোট প্রদান করেছে। এই পরিষদটি হয়েছে একজন নির্বাচিত প্রধান, নয়জন নির্বাচিত সদস্য এবং তিনজন নির্বাচিত মহিলা সদস্য নিয়ে। প্রতিষ্ঠানটি স্থানীয় গণতন্ত্রের চর্চা, নেতৃত্বের বিকাশ ঘটানোসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পাদন করে থাকে।

ক. বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন আছে? ১

Teachingbd24.com

খ. স্থানীয় সরকার/শাসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি স্থানীয় জনগণের উন্নয়নে যে ধরনের কাজ করে তা উদাহরণসহ বুঝিয়ে লেখো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠান কীভাবে গণতন্ত্র চর্চা, স্বশাসন ও সুশাসন প্রতিষ্ঠায় ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

১০. ★ মাহফুজ চাকরি করার জন্য দক্ষিণ আফ্রিকায় যায়। সেখানে সে একবার সড়ক দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে ভর্তি হলে হাসপাতাল থেকে তাকে রক্ত নিতে হয়। এরপর থেকে সে সব সময় জ্বর জ্বর ভাব, মাথাব্যথা, শরীরে ক্লান্তভাব, মাংসপেশি ও গিরায় ব্যথা অনুভব করে। ফলে সে দেশে এসে হাসপাতালে গেলে ডাক্তার বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে বলেন, যে মাহফুজ একটি ভাইরাসজনিত রোগে আক্রান্ত হয়েছে। তার পিতামাতা তাকে খুব যত্ন করে সেবা করে।

ক. দুদক এর পূর্ণরূপ কী? ১
খ. ইভটিজিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত লক্ষণগুলো কোন রোগের লক্ষণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. কী কী কারণে উক্ত রোগের বিস্তার ঘটে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

১১. ★




ক. সার্ক-এর পূর্ণরূপ কী? ১
খ. কমনওয়েলথ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের প্রশ্নবোধক (?) চিহ্নিত স্থানে যে অঙ্গ সংগঠনটি হবে, তার গঠনপ্রণালি ব্যাখ্যা করো। ৩
ঘ. বিশ্বশান্তি রক্ষায় উক্ত সংগঠনের ভূমিকা মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ৩০ মিনিট **বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **সিপাহি বিদ্রোহ কত সালে সংঘটিত হয়?**
ⓚ ১৭৫৭ ⓚh ১৮৬০
ⓖ ১৮৮৫ ⓖh ১৮৯০

২. **পলাশীর যুদ্ধ কত সালে সংঘটিত হয়?**
ⓚ ১৭৫৭ ⓚh ১৮৫৭
ⓖ ১৯০৫ ⓖh ১৯৪৭

৩. **ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন কে?**
ⓚ অ্যালান অক্টোভিয়ান হিউম
ⓚh লর্ড কার্জন
ⓖ উমেশচন্দ্র ব্যানার্জি
ⓖh বালগঙ্গাধর তিলক

৪. ★ **প্রাদেশিক স্বায়ত্তশাসন হলো—**
i. কেন্দ্রে ও প্রদেশের মধ্যে ক্ষমতা বন্টন করে দেয়া
ii. নতুন প্রদেশ সৃষ্টি
iii. প্রদেশে নিজস্ব শাসন প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৫. **প্রাদেশিক স্বায়ত্তশাসনের মূলকথা হলো—**
i. প্রাদেশিক মন্ত্রিসভা প্রাদেশিক আইনসভার নিকট দায়ী থাকবে
ii. আইনসভা সর্বময় কর্তৃত্বের অধিকারী হবে
iii. প্রদেশে দ্বৈতশাসন প্রবর্তিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৬. **মওলানা ভাসানী কত সালে আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?**
ⓚ ১৯৪৮ ⓚh ১৯৪৯
ⓖ ১৯৫০ ⓖh ১৯৫১

৭. ★ **বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্বখ্যাত কোন ভাষণের সাথে তুলনা করা হয়?**
ⓚ আব্রাহাম লিংকনের গেটিসবার্গ ভাষণ
ⓚh হুগো শ্যাভেজের হাভানার ভাষণ
ⓖ চে গুয়েভারার বুয়েন্স আয়ারস ভাষণ
ⓖh নেলসন ম্যান্ডেলার ব্রিজ টাউনের ভাষণ

৮. **রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেব, এদেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম। এ ঘোষণায় কী শুরু হয়?**
ⓚ ছয়-দফা কর্মসূচি ⓚh গণঅভ্যুত্থান
ⓖ অসহযোগ-আন্দোলন ⓖh মুক্তিযুদ্ধ

৯. **'অপারেশন সার্চলাইট' কত তারিখ হয়েছিল?**
ⓚ ২২ মার্চ ১৯৭১ ⓚh ২৩ মার্চ ১৯৭১
ⓖ ২৪ মার্চ ১৯৭১ ⓖh ২৫ মার্চ ১৯৭১

১০. **ঐতিহাসিক ছয় দফাকে কী বলা হয়?**
ⓚ বাঙালির জাতীয় মুক্তির সনদ
ⓚh জাতীয়তাবাদী চিন্তা-চেতনার মাধ্যম
ⓖ ঐতিহাসিক চুক্তিপত্র
ⓖh বিশ্বশান্তি ও সংহতির বাহক

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা তার দেশের জন্য ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে আন্দোলন করেছেন। জীবনের বেশির ভাগ সময়ই শোষক গোষ্ঠীর প্রতিহিংসার শিকার হয়ে জেলে কাটিয়েছেন। তার এ জেল-জুলুম, নির্যাতন ভোগের সকল পরিসমাপ্তি দক্ষিণ আফ্রিকার মানুষের স্বাধীনতা অর্জন। স্বাধীনতার পরে দক্ষিণ আফ্রিকার জনগণ তাকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রপতি নির্বাচিত করে।

১১. ★ **উদ্দীপকে নেলসন ম্যান্ডেলার সাথে বাংলাদেশের কোন নেতার তুলনা করা যায়?**
ⓚ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓚh শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ⓖ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓖh মওলানা আব্দুল হামিদ খান ভাসানী

১২. ★ **স্বাধীনতা আন্দোলনের জাতীয়তাবাদী নেতা জাতির কাছে কী ধরনের সম্মান লাভ করেন?**
i. জাতীয় নেতা হিসেবে
ii. জাতীয় পিতা হিসেবে
iii. রাজনৈতিক নেতা হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh ii
ⓖ i ও ii ⓖh i, ii ও iii

১৩. **'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কার রচনা?**
ⓚ মওলানা ভাসানী
ⓚh ডা. মোঃ শহীদুল্লাহ
ⓖ আল মাহমুদ
ⓖh বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
'ক' একজন মহান নেতা যিনি এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছেন। রাজনীতির ব্যাপারে তিনি বুলেটের চেয়ে ব্যালটের শক্তিতে বিশ্বাসী ছিলেন। তিনি ছিলেন গণতন্ত্রের মানসপুত্র।

১৪. **উদ্দীপকের মহান নেতা কে?**
ⓚ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ⓚh মওলানা ভাসানী
ⓖ চিত্তরঞ্জন দাস
ⓖh হোসেন শহীদ সোহরাওয়ার্দী


১৫. **১৯৪৭ সালে ভারত বিভক্তির ঠিক পূর্ব মুহূর্তে তিনি আন্দোলন করেছিলেন—**
i. যুক্ত বাংলার সপক্ষে
ii. অবিভক্ত বাংলার সপক্ষে
iii. বাংলা বিভক্তির সপক্ষে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

Teachingbd24.com

১৬. ★ বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার কয়টি মূলনীতি নির্ধারিত?
ⓚ ২টি　　ⓛ ৩টি
ⓖ ৪টি　　ⓘ ৫টি

১৭. মন্ত্রিপরিষদ শাসিত সরকার পুনঃপ্রবর্তিত হয় কোন সংশোধনীর মাধ্যমে?
ⓚ দশম সংশোধনী　　ⓛ দ্বাদশ সংশোধনী
ⓖ চতুর্দশ সংশোধনী　　ⓘ ষোড়শ সংশোধনী

নিম্নের ছকটি লক্ষ কর এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:




১৮. উদ্দীপকে বাংলাদেশের সংবিধানে উল্লিখিত একজন গুরুত্বপূর্ণ ব্যক্তির ইঙ্গিত দেয়া হয়েছে। ব্যক্তিটি হলেন—
ⓚ রাষ্ট্রপতি
ⓛ প্রধানমন্ত্রী
ⓖ অ্যাটর্নি জেনারেল
ⓘ প্রধান বিচারপতি

১৯. (?) চিহ্নিত ব্যক্তি নিম্নে কোন কাজটি করে থাকেন?
ⓚ বাজেট পেশ　　ⓛ অধ্যাদেশ জারি
ⓖ মন্ত্রিসভা গঠন　　ⓘ নির্ণায়ক ভোট প্রদান

২০. নিচের কোন সংস্থায় মহিলা ভাইস চেয়ারম্যানের পদ রয়েছে?
ⓚ উপজেলা পরিষদ　　ⓛ ইউনিয়ন পরিষদ
ⓖ পৌরসভা　　ⓘ সিটি কর্পোরেশন

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।
সেলিনা একটি সংস্থায় চাকরি করে। যা দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সংস্থাটি সরকারি নয়।

২১. ★ উদ্দীপকের সেলিনা কোন ধরনের সংস্থায় চাকরি করে?
ⓚ ইউনিয়ন পরিষদ　　ⓛ পৌরসভা
ⓖ উপজেলা পরিষদ　　ⓘ এনজিও

২২. ★ উক্ত সংস্থাটি ভূমিকা রাখে—
i. দুর্যোগ ব্যবস্থাপনায়
ii. নারীর ক্ষমতায়নে
iii. আইন-শৃঙ্খলা রক্ষায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　ⓛ ii ও iii
ⓖ i ও iii　　ⓘ i, ii ও iii

২৩. বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের প্রধান কে?
ⓚ চেয়ারম্যান　　ⓛ মহাপরিচালক
ⓖ সদস্য　　ⓘ সচিব

২৪. OIC-এর পূর্ণরূপ কী?
ⓚ Organisation of Islamic Carital
ⓛ Organisation of Islamic co-operation
ⓖ Organisation of Islamic Country
ⓘ Organisation of Islamic courrence

২৫. বাংলাদেশের বৈদেশিক নীতির প্রধান লক্ষ্য হলো—
i. দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করা
ii. প্রতিবেশি দেশগুলোর সাথে তৈরি সম্পর্ক গড়ে তোলা
iii. প্রতিবেশী দেশগুলোর সাথে শান্তিপূর্ণ সহাবস্থান নীতি বজায় রাখা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　ⓛ ii ও iii
ⓖ i ও iii　　ⓘ i, ii ও iii

২৬. ★ ইভটিজিং শব্দটির আভিধানিক রূপ কী?
ⓚ অত্যাচার করা　　ⓛ উত্ত্যক্ত করা
ⓖ নির্যাতন করা　　ⓘ পরিহাস করা

২৭. যে ভাইরাস মানুষের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দেয় এবং যার ফলে এইডস রোগ হয় তার নাম—
ⓚ HIV　　ⓛ HIZ
ⓖ HIM　　ⓘ HIP

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব 'ক' একজন চাকরিজীবী। ইদানিং তার আয় বেড়ে গেছে। তিনি শহরে একটি বাড়ি ও একটি আধুনিক গাড়ি ক্রয় করেছেন। তার ব্যয় চাকরি হতে প্রাপ্ত আয়ের সাথে সামঞ্জস্যহীন।

২৮. জনাব 'ক' উক্ত ব্যয় নির্বাহ করেন কীসের মাধ্যমে?
ⓚ বেতনের মাধ্যমে
ⓛ অন্যান্য ব্যবসার মাধ্যমে
ⓖ অতিরিক্ত কাজের মাধ্যমে
ⓘ দুর্নীতির মাধ্যমে

২৯. জনাব 'ক' এর উক্ত কর্মকাণ্ড প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করার দায়িত্ব—
i. পরিবারের
ii. সমাজের
iii. রাষ্ট্রের
নিচের কোনটি সঠিক?
ⓚ i　　ⓛ ii
ⓖ iii　　ⓘ ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

| | | |
|---|---|---|
| OIC | ⟶ | জেদ্দা |
| EU | ⟶ | ব্রাসেলস |
| UN | ⟶ | ? |

৩০. ★ প্রশ্নবোধক (?) চিহ্নিত স্থানে সঠিক উত্তর কোনটি হবে?
ⓚ হেগ　　ⓛ জেনেভা
ⓖ বার্লিন　　ⓘ নিউইয়র্ক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com